



কনজুমারস এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) CONSUMERS ASSOCIATION OF BANGLADESH (CAB)

বাড়ী নং- ৮/৬ সেগুন বাগিচা
ঢাকা-১০০০, বাংলাদেশ
ফোন : ৮৮-০২-৯৫৬২৮৫৮
ফ্যাক্স : ৮৮-০২-৯৫৭৭৫৪২

E-mail : cabdhaka2013@gmail.com
Website : www.consumerbd.org

HOUSE NO. 8/6 SEGUNBAGICHA
DHAKA-1000, BANGLADESH
PHONE : 88-02-9562858
FAX : 88-02-9577542

০৪ এপ্রিল ২০১৭

সংবাদ বিজ্ঞপ্তি

ভোক্তা-বান্ধব বাজেট প্রণয়নের জন্য সরকারের প্রতি ক্যাব-এর আহ্বান

কনজুমারস এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব)-এর উদ্যোগে আজ মঙ্গলবার ০৪ এপ্রিল ২০১৭ সকাল ১১.৩০ মিনিটে ঢাকা রিপোর্টার্স ইউনিটির সাগর-রুনি কনফারেন্স রুমে 'জাতীয় বাজেট ও ভোক্তা-স্বার্থ' শীর্ষক একটি সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।

উক্ত সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য উপস্থাপন করেন ক্যাব-এর সভাপতি জনাব গোলাম রহমান। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ক্যাব-এর সহ-সভাপতি জনাব এস এম নাজের হোসেইন, ক্যাব-এর সাধারণ সম্পাদক এডভোকেট হুমায়ুন কবীর ভূঁইয়া এবং ক্যাব-এর জ্বালানি উপদেষ্টা অধ্যাপক ড. এম শামসুল আলম।

জনাব গোলাম রহমান তাঁর লিখিত বক্তব্যে বলেন, আগামী অর্থবছরে সাধারণ ভোক্তাদের ব্যবহার্য নিত্য প্রয়োজনীয় সকল পণ্যের ওপর বাড়তি কোন শুল্ক-কর আরোপ না করার ও ভ্যাট-এর আওতা বহির্ভূত রাখা যুক্তিসংগত হবে। তিনি বলেন, নতুন ভ্যাট আইন অনুযায়ী উৎপাদন ও বিপণনের প্রতিটি স্তরে ১৫ শতাংশ হারে ভ্যাট আদায় করার যে ঘোষণা জাতীয় রাজস্ব বোর্ড দিয়েছে তা যুক্তিযুক্ত নয়। তিনি আংশিক প্রকাশ করে বলেন এর ফলে মুদ্রাস্ফীতি হতে পারে। তিনি অভিযোগ করেন, কোন কোন অসাধু ব্যবসায়ী ভোক্তা পরিশোধিত ভ্যাট সরকারি কোষাগারে জমা করেন না। ভ্যাট প্রশাসনের সংস্কার ও ডিজিটাল ক্যাশ রেজিস্ট্রার-এর ব্যবহার বাধ্যতামূলক করার প্রতি তিনি গুরুত্বারোপ করেন।

তিনি ব্যক্তির করারোপযোগ্য আয়ের সীমা ন্যূনপক্ষে ৩ লক্ষ টাকা করার প্রস্তাব করেন। এছাড়া জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকর এমন পণ্য যেমন তামাকজাত সকল পণ্য, অতিরিক্ত চিনি বা চর্বিযুক্ত পণ্যের ওপর বর্ধিত হারে করারোপ করার জন্যও তিনি প্রস্তাব করেন। তিনি বলেন, বিশ্ব বাজারে জ্বালানি তেলের দাম অনেক দিন ধরে নিম্নমুখী থাকা সত্ত্বেও সরকারের ব্যবসায়িক মনোবৃত্তির কারণে তা যুক্তিসংগত পর্যায়ে কমানো হচ্ছে না। বিইআরসি গণশুনানির মাধ্যমে জ্বালানি তেলের দাম বহুরে ন্যূনপক্ষে একবার নির্ধারণ করতে পারে এবং জ্বালানি তেলের দাম স্থিতিশীল রাখার জন্য 'প্রাইস স্ট্যাবিলাইজেশন ফান্ড' তৈরি করার জন্য তিনি প্রস্তাব করেন। গ্যাসের মূল্য সহনশীল রাখার লক্ষ্যে দেশে বিদেশী কোম্পানিসমূহের উৎপাদিত এবং আমদানিকৃত গ্যাস ও এলপিগির মূল্য সকল প্রকার শুল্ক-কর মুক্ত রাখার প্রস্তাব করেন। আগামী বাজেটে বিদ্যুৎখাতে বরাদ্দ বৃদ্ধি করে বড় বড় বিদ্যুৎকেন্দ্র স্থাপন ও চুক্তির মেয়াদ শেষে রেন্টাল ও কুইক রেন্টাল পাওয়ার প্ল্যান্টসমূহ বন্ধ করে বিদ্যুতের মূল্য ক্রমান্বয়ে হ্রাস করার জন্য তিনি সুপারিশ করেন।

আগামী বাজেটে জনকল্যাণ সম্পৃক্ত সকল খাতের উন্নয়ন, শৃঙ্খলাবিধান ও ভোক্তা ও সরবরাহকারী-উৎপাদকের স্বার্থ সংরক্ষণ করে আইনানুগ প্রক্রিয়ায় গণশুনানির মাধ্যমে মূল্য নির্ধারণের জন্য এক বা একাধিক স্বাধীন ও নিরপেক্ষ কমিশন গঠনের জন্যও তিনি প্রস্তাব করেন।

জনাব গোলাম রহমান বলেন, অতি আবশ্যিকীয় পণ্য যেমন মোটা চাল, ভোজ্য তেল, চিনি, গুঁড়ো দুধ, আলু, লবণ ইত্যাদির মূল্য যেন ভোক্তাদের ক্রয়সীমার মধ্যে থাকে সে ব্যবস্থা তৈরির জন্য বাণিজ্য মন্ত্রণালয়ে একটি পৃথক বিভাগ অথবা ভোক্তাস্বার্থ রক্ষার উদ্দেশ্যে নতুন একটি মন্ত্রণালয় তৈরি করার প্রতি গুরুত্ব আরোপ করেন।



কনজুমারস এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) CONSUMERS ASSOCIATION OF BANGLADESH (CAB)

বাড়ী নং- ৮/৬ সেগুন বাগিচা
ঢাকা-১০০০, বাংলাদেশ
ফোন : ৮৮-০২-৯৫৬২৮৫৮
ফ্যাক্স : ৮৮-০২-৯৫৭৭৫৪২

E-mail : cabdhaka2013@gmail.com
Website : www.consumerbd.org

HOUSE NO. 8/6 SEGUNBAGICHA
DHAKA-1000, BANGLADESH
PHONE : 88-02-9562858
FAX : 88-02-9577542

সংবাদ সম্মেলনে অষ্টম শ্রেণি পর্যন্ত সকল বালক-বালিকার জন্য বাধ্যতামূলক শিক্ষা ও মেয়েদের জন্য স্নাতক ও সকল শিক্ষার্থীর জন্য দ্বাদশ শ্রেণি পর্যন্ত শিক্ষা অবৈতনিক করে আইন প্রণয়ন ও বাজেটে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের জন্য ক্যাব-এর সভাপতি প্রস্তাব করেন।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনসহ সকল সরকারি সংস্থাকে কার্যকর করার জন্য বাজেট বরাদ্দ রাখার জন্য তিনি প্রস্তাব করেন।

ক্যাব-এর সভাপতি আগামী বাজেটে ভোক্তাদের সংগঠন হিসেবে ক্যাব-এর জন্য যুক্তিসংগত বরাদ্দ রাখার জন্য মাননীয় অর্থমন্ত্রীকে অনুরোধ জানান।

বার্তা প্রেরক

(আনোয়ার পারভেজ)
তথ্য কর্মকর্তা, ক্যাব।
মোবাইল : ০১৭১৬৩১৪৬২৯